# বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
## দুবাই ও উত্তর আমিরাত

# সংযুক্ত আরব আমিরাত সরকার ঘোষিত সাধারণ ক্ষমা-২০২৪ সম্পর্কিত প্রশ্নত্তোর:

**প্রশ্ন:-১ সংযুক্ত আরব আমিরাতে সাধারণ ক্ষমা কখন শুরু হবে এবং কতদিন চলমান থাকবে?**
উত্তর: ০১ সেপ্টেম্বর ২০২৪ হতে ৩১ অক্টোবর ২০২৪ পর্যন্ত।

**প্রশ্ন:-২ কারা সাধারণ ক্ষমার আওতায় আসবেন?**
উত্তর: অনিয়মিত/আনডকুমেন্টেড/অবৈধভাবে বসবাসকারী বাংলাদেশী, যাদের ভিসার মেয়াদ ০১ সেপ্টেম্বর ২০২৪ এর পূর্বে শেষ হবে তারা সাধারণ ক্ষমার সুযোগ পাবেন।

**প্রশ্ন:-৩ সাধারণ ক্ষমা ২০২৪ এর সেবা পেতে কোথায় যেতে হবে?**
উত্তর: দুবাই এর ভিসাধারীগণ আল-আভীর ইমিগ্রেশন এবং অন্যান্য আমিরাতের ভিসাধারীগণ সংশ্লিষ্ট ইমিগ্রেশনে যেতে হবে। সংশ্লিষ্ট ইমিগ্রেশনের নির্দেশনা অনুযায়ী ইউএই সরকার অনুমোদিত টাইপিং আমের/ তাসহিল সেন্টারে যেতে হবে।

**প্রশ্ন:-৪ আমের সেন্টার হতে কি ধরণের সার্ভিস পাওয়া যাবে?**
উত্তর: আমের সেন্টার হতে পুলিশ রিপোর্ট, ভিসা নিয়মিতকরণ, ভিসা স্ট্যাটাস পরিবর্তন ও ভিসার আবেদন ইত্যাদি সেবা পাওয়া যাবে।

**প্রশ্ন:-৫ তাসহীল সেন্টার হতে কি ধরণের সেবা পাওয়া যাবে?**
উত্তর: লেবার ভিসা অনুমোদন, লেবার এগ্রিমেন্ট, জব আফার লেটার, ভিসা কেনসেল, ইত্যাদি মিনিস্ট্রি অব হিউম্যান রিসোর্সেস এন্ড এমিরেটাইজেশন/ ইউএই শ্রম মন্ত্রণালয় সংশ্লিষ্ট সেবা।

**প্রশ্ন:-৬ ইমিগ্রেশন হতে এক্সিট পারমিট/আউট পাশ নেওয়ার জন্য কী কী ডকুমেন্ট লাগবে?**
উত্তর: দেশে যাওয়ার জন্য এক্সিট পারমিট/আউট পাশ পাওয়ার জন্য মেয়াদসহ মূল পাসপোর্ট বা কনস্যুলেট হতে ট্রাভেল পারমিট লাগবে। ট্রাভেল পারমিট নেওয়ার সময় দাখিলকৃত ডকুমেন্টসমূহের কপি এবং মূল ট্রাভেল পারমিট ইমিগ্রশনে দাখিল করে এক্সিট পারমিট/আউট পাশ সংগ্রহ করা যাবে।

**প্রশ্ন:-৭ ইমিগ্রেশন হতে এক্সিট পারমিট পেতে কত সময় লাগবে?**
উত্তর: সংশ্লিষ্ট ইমিগ্রেশনে বায়োমেট্রিক/ফিংগারপ্রিন্ট করার পর এক্সিট পারমিট/ আউট পাশ ইস্যু করা হবে।

**প্রশ্ন:-৮ আমের সেন্টার হতে ইমিগ্রেশন এর এক্সিট পারমিট/আউট পাশ নিতে ফি কত লাগবে?**
উত্তর: ইমিগ্রেশন হতে এক্সিট পারমিট/আউট পাশ নেওয়ার জন্য আমের সেন্টার এর সার্ভিস ফি ২৪ (চব্বিশ) দিরহাম।

**প্রশ্ন:-৯ ইমিগ্রেশন হতে ইস্যুকৃত এক্সিট পারমিট/আউট পাশ এর মেয়াদ কতদিন থাকবে?**
উত্তর: ইমিগ্রেশন হতে ইস্যুকৃত এক্সিট পারমিট/আউট পাশ প্রাপ্তির পর দেশে যাওয়ার জন্য ১৪ (চৌদ্দ) দিন মেয়াদ থাকবে।

**প্রশ্ন:-১০ সাধারণ ক্ষমা চলাকালীন এক্সিট পারমিট/আউট পাশ নিয়ে দেশে গেলে পরবর্তীতে ইউএই প্রবেশে ইধহ/নিষেধাজ্ঞা (হেরমান) আরোপ করা হবে কি?**
উত্তর: সাধারণ ক্ষমার সুযোগ গ্রহণ করে এক্সিট পারমিট/আউট পাশ নিয়ে দেশে গেলে পূণরায় ইউএই আসার ক্ষেত্রে কোনো প্রকার Ban/নিষেধাজ্ঞা (হেরমান) দেওয়া হবেনা।

**প্রশ্ন:-১১ এক্সিট পারমিট/আউট পাশ নিয়ে দেশে যাওয়ার কি কোন নির্দিষ্ট এয়ারপোর্ট দিয়ে যেতে হবে?**
উত্তর: না, সংযুক্ত আরব আমিরাতের যে কোন এয়ারপোর্ট দিয়ে যাওয়া যাবে।

**প্রশ্ন:-১২ যদি কোনো ব্যক্তি অবৈধভাবে সংযুক্ত আরব আমিরাতে প্রবেশ করে থাকে তারা কিভাবে দেশে যাওয়ার সুযোগ পাবেন?**
উত্তর: যারা সংযুক্ত আরব আমিরাতে অবৈধভাবে প্রবেশ করেছেন, তারা পাসপোর্ট/বাংলাদেশী হিসেবে কোন প্রমাণক/সংশ্লিষ্ট দেশের ভিসার প্রমাণক ও পূর্ববর্তী ভিসার তথ্য প্রদানপূর্বক কনস্যুলেট হতে ট্রাভেল পারমিট সংগ্রহ করে সংশিষ্ট ইমিগ্রেশনের মূল ভবনের নির্ধারিত ডেস্ক হতে এক্সিট পারমিট/আউট পাশ নিতে পারবেন।

**প্রশ্ন:-১৩ কত বছর বয়স পর্যন্ত বায়োমেট্রিক/ফিংগারপ্রিন্ট প্রয়োজন হবে না?**
উত্তর: আবেদনকারীর বয়স ১৫ বছরের কম হলে।

**প্রশ্ন:-১৪ হারানো (মেয়াদ উত্তীর্ণ/মেয়াদসহ) পাসপোর্টের ক্ষেত্রে কি পুলিশ রিপোর্টের প্রয়োজন হবে?**
উত্তর: অনলাইন আবেদনের মাধ্যমে অবশ্যই পুলিশ রিপোর্ট সংগ্রহ করতে হবে।

**প্রশ্ন:-১৫ দেশে যাওয়ার জন্য এক্সিট পারমিট/আউট পাশ এর জন্য কোথায় যেতে হবে?**
উত্তর: এক্সিট পারমিট/আউট পাশ সংশ্লিষ্ট ইমিগ্রেশন হতে নেওয়া যাবে।

**প্রশ্ন:-১৬ যদি কোম্পানী হতে পলায়ন/কাজে বিঘ্ন ঘটানোর অভিযোগ (Absconding/তামিম/বালাগ হুরুব) থাকে এবং কোথাও পাসপোর্ট পাওয়া না যায় সে ক্ষেত্রে কি পুলিশ রিপোর্ট লাগবে?**
উত্তর: যদি কোম্পানী হতে পলায়ন/কাজে বিঘ্ন ঘটানোর অভিযোগ (Absconding/তামিম/বালাগ হুরুব) থাকে, তাহলে দেশে যাওয়ার জন্য এক্সিট পারমিট/আউট পাশ অথবা ভিসা নিয়মিত করার জন্য অনলাইন পুলিশ রিপোর্টসহ আবেদন করতে হবে।

**প্রশ্ন:-১৭ যাদের বিরুদ্ধে কোম্পানী হতে পলায়ন/কাজে বিঘ্ন ঘটানোর অভিযোগ (Absconding/তামিম/বালাগ হুরুব) আছে তারা কি সাধারণ ক্ষমার জন্য আবেদন করতে পারবেন?**
উত্তর: কোম্পানী হতে পলায়ন/কাজে বিঘ্ন ঘটানোর অভিযোগ (Absconding/তামিম/বালাগ হুরুব) থাকলে ইমিগ্রেশন/আমের সেন্টারের মাধ্যমে জবসড়াব/বাতিল করে ভিসা নিয়মিতকরণ/দেশে যাওয়ার জন্য এক্সিট পারমিট/আউট পাশ ইস্যু করা হবে।

**প্রশ্ন:-১৮ আদালতে মামলা চলাকালীন কি সাধারণ ক্ষমার সুযোগ পাবেন?**
উত্তর: সাধারণ ক্ষমার সুবিধা প্রাপ্তির জন্য আদালত থেকে ক্লিয়ারেন্স নিতে হবে।

**প্রশ্ন:-১৯ এক কোম্পানী হতে অন্য কোম্পানীতে কি ভিসা পরিবর্তন করা যাবে?**
উত্তর: যাদের ভিসার মেয়াদ উত্তীর্ণ/অবৈধভাবে আছেন তারা এক কোম্পানী হতে অন্য কোম্পানীতে ভিসা পরিবর্তন করতে পারবে।

**প্রশ্ন:-২০ আবেদনকারী কীভাবে তার পাসপোর্ট পুনরূদ্ধার করতে পারবেন, যা স্পন্সর কর্তৃক ইমিগ্রেশনে জমা দেওয়া হয়েছে?**
উত্তর: সংশ্লিষ্ট ইমিগ্রেশনে যোগাযোগ করা হলে যথাযথ প্রক্রিয়ায় আবেদনকারী-কে ইমিগ্রেশন কর্তৃপক্ষ পাসপোর্ট হস্তান্তর করবে। ইমিগ্রেশন কর্তৃপক্ষের কাছে জমা থাকা কিছু সংখ্যক পাসপোর্ট কনস্যুলেটে হস্তান্তর করা হয়েছে। কনস্যু-লটে যোগাযোগ করে উক্ত পাসপোর্ট সংগ্রহ করা যাবে।

**প্রশ্ন:-২১ জরিমানা মওকুফ ও ভিসা নিয়মিতকরণ কার্যক্রম শেষ করে কি সরাসরি কর্মসংস্থান ভিসা ইস্যু করা হবে?**
উত্তর: সংশ্লিষ্ট ইমিগ্রেশনে অনলাইনে দাখিকৃত ডকুমেন্টস, কোম্পানী বরাবর দাখিল করে যথাযথ প্রক্রিয়া অনুসরনপূর্বক কর্মসংস্থান ভিসা পাওয়া যাবে।

**প্রশ্ন:-২২ ভিসা নিয়মিতকরনের লক্ষে জরিমানা মওকুফ হওয়ার পর কতদিনের মধ্যে ভিসা লাগানো যাবে?**
উত্তর: সাধারণ ক্ষমা চলাকালীন ভিসা কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**প্রশ্ন:-২৩ সাধারণ ক্ষমা চলাকালীন কি ধরণের জরিমানা মওকুফ করা হবে?**
উত্তর: ক) অবৈধভাবে বসবাসের জরিমানা খ) Establishment card/কোম্পানী কার্ড এর জরিমানা গ) আইডি জরিমানা ঘ) কাজের চুক্তি/নবায়ন সংক্রান্ত জরিমানা (মিনিস্ট্রি অব হিউম্যান রিসোর্সেস এন্ড এমিরে-টাইজেশন/ইউএই শ্রম মন্ত্রণালয়ের)।

**প্রশ্ন:-২৪ কত প্রকারের ফি মওকুফ করা হবে?**
উত্তর: ক) রেসিডেন্স ও ভিসা কেনসেল ফি, খ) কোম্পানী হতে পলায়ন/কাজে বিঘ্ন ঘটানোর অভিযোগ (Absconding/তামিম/বালাগ হুরূব) ফি, গ) Departure fees/দেশে গমন ফি, ঘ) রেসিডেন্স ও ভিসা সংক্রান্ত তথ্য সংগ্রহ ফি, ঙ) এক্সিট পারমিট/আউট পাশ ফি।

**প্রশ্ন:-২৫ -০১ সেপ্টেম্বর ২০২৪ এর পর যাদের ভিসা অনিয়মিত হবে তারা কি সাধারণ ক্ষমার সুযোগ পাবেন?**
-০১ সেপ্টেম্বর ২০২৪ এর পর যাদের কোম্পানী হতে পলায়ন/কাজে বিঘ্ন ঘটানোর অভিযোগ (Absconding/তামিম/বালাগ হুরূব) থাকবে তারা কি সাধারণ ক্ষমার সুযোগ পাবেন? **-যারা ইতোপূর্বে ইউএই হতে নির্বাসিত (Deported) হয়েছেন তারা কি সাধারণ ক্ষমার সুযোগ পাবেন?**
উত্তর: না, তাদের কেউ সাধারণ ক্ষমার আওতায় আসবেনা।

**প্রশ্ন:-২৬ ইউএই-তে জন্মগ্রহণকারী শিশুগণ কি সাধারণ ক্ষমার সুযোগ পাবেন?**
উত্তর: ইউএই তে জন্মগ্রহণকারী শিশু, যাদের জন্মের ০৪ মাসের মধ্যে অভিভাবকগণ তাদের ভিসা লাগাতে পারেনি তারা সাধারণ ক্ষমার সুযোগ পাবেন।

**প্রশ্ন:-২৭ ভিসা আবেদনের জন্য কী কোন শিক্ষাগত যোগ্যতার সনদপত্র দাখিল করতে হবে?**
উত্তর: না, কোন সনদপত্র দাখিল করতে হবেনা।

**প্রশ্ন:-২৮ মেয়াদ উত্তীর্ণ পার্টনার/ইনভেস্টর ভিসাধারীগণ কিভাবে দেশে প্রত্যাবর্তন করতে পারবেন?**
উত্তর: কোন প্রকার জরিমানা আদায় করা ছাড়া ট্রেড লাইসেন্স বাতিল করে, সংশ্লিষ্ট ইমিগ্রেশন হতে এক্সিট পারমিট/আউট পাশ সংগ্রহ করে দেশে প্রত্যাবর্তন করতে পারবেন।

**প্রশ্ন:-২৯ পাসপোর্টের কোন তথ্য পরিবর্তন করা হলে কি আপডেট করা প্রয়োজন আছে?**
উত্তর: ভিসার জন্য আবেদন দাখিলের পূর্বে সংশ্লিষ্ট ইমিগ্রেশনে গিয়ে/অনলাইনে পাসপোর্ট আপডেট করতে হবে।

**প্রশ্ন:-৩০ সাধারণ ক্ষমার সুযোগ গ্রহণের জন্য যোগাযোগের মাধ্যম কি?**
উত্তর: আইসিপি কল সেন্টার ৬০০৫ ২২২২২, লাইভ চ্যাট: **icp.gov.ae**, আমের কল সেন্টার (দুবাইয়ের জন্য) ৮০০ ৫১১১, মিনিস্ট্রি অব হিউম্যান রিসোর্সেস এন্ড এমিরেটাইজেশন কল সেন্টার